দ্বাদশ অধ্যায়

# নির্মিতি

## (ক) শব্দ ও বাক্যের শুদ্ধিকরণ

**শব্দের বানানে ও বাক্যের গঠনে সাধারণ ভুল :**

আমরা যখন কিছু লিখি তখন বানানবদ্ধ পদের সারিতে সাজানো রূপে প্রকাশ করি। তাই যে-কোনো ভাষা শুদ্ধভাবে লিখতে হলে, সে ভাষার প্রতিটি শব্দের বানান সঠিকভাবে জানা দরকার। একারণেই আমরা সাধারণভাবে যে সমস্ত বানানের ভুল লিখে থাকি, সেগুলির বিস্তৃত বিবরণ দেওয়া হল।

**শব্দের বানানের সাধারণ ভুল :**

১। আ-কার হয় না—ব্যবহার, ব্যথা, ব্যঙ্গ, ব্যবস্থা, ত্যক্ত, ব্যতিক্রম।

২। আ-কার যুক্ত—ব্যাস, ত্যাগ, ব্যাখ্যা, ব্যায়াম।

৩। হ্রস্ব-ই কার যুক্ত :

প্রকৃতি, অঙ্গুলি, নাগরিক, বাড়ি, গাড়ি, বাঙালি, হিন্দি, দাবি, অবনতি, প্রতিযোগিতা, মুনি, মণি, পাখি, সত্যি, দিন, দরিদ্র, শিগ্‌গিরি, ভিখিরি, নিসপিস, বলি, বিশ, পাটনি, ছিপছিপে, শক্তি।

৪। দীর্ঘ-ঈ কার যুক্ত :

শীত, মীমাংসা, সীমানা, বৈশাখী, আগামী, ভাগীরথী, গাণ্ডীব, প্রবাসী, কুমারী, অন্তর্যামী, অল্পভাষী, অনুগামী, দোভাষী, শতাব্দী, ঈশ্বরী, সাক্ষী, শ্রীমতী, সখী।

৫। দুটি হ্রস্ব-ই কার যুক্ত :

মিলিত, পাণিনি, নির্নিমেষ, চিকিৎসা, অতিথি, বিকিরণ, কাহিনি।

৬। দীর্ঘ উ-কার যুক্ত :

সূর্য, ময়ূর, ধূসর, নিগূঢ়, চূষ্য, ব্যূহ, ধূলি, পূর্ব, ভূয়োদর্শী, অভূতপূর্ব, তূরী, সূত, দূষণীয়, মূর্খ, ধূর্ত, সূত্র, কৌতূহল, কটূক্তি, প্রসূত, প্রসূতি।

৭। শুধু হ্রস্ব উ-কার যুক্ত :

দুর্গা, দুর্বল, ভঙ্গুর, দুর্দম, মধুপ, মুনি, কৌতুক, পুণ্য, মুখর, ভুবন, অনুপ, রেণু।

৮। হ্রস্ব উ-কার দীর্ঘ উ-কারের পরম্পরা লক্ষ করো :

শুশ্রূষা, মুমূর্ষ, কুতূহল, দুরূহ, মুহূর্ত, আনুপূর্বিক।

৯। হ্রস্ব ই-কার দীর্ঘ ঈ-কারের ক্রম :

নিমীলিত, বিভীষিকা, পিপীলিকা, কিরীটিনি, বিভীষণ।

১০। 'ও' কার যুক্ত :

ভৌগোলিক, তিলোত্তমা, বন্দ্যোপাধ্যায়, মুখোপাধ্যায়, চট্টোপাধ্যায়, পৌরোহিত্য।

১১। 'ং' কারের পরিবর্তে 'ঙ্গ' হয় :

পিঙ্গল, অঙ্গ, সঙ্গ, বঙ্গ, বেঙ্গল, মঙ্গল।

১২। 'খ' না হয়ে 'ক্ষ' হয় :

আকাঙ্ক্ষা, উচ্চাকাঙ্ক্ষা।

১৩। ক্ষ-এ ম-ফলা যুক্ত হয় :

সূক্ষ্ম, লক্ষ্মণ, লক্ষ্মী।

১৪। 'ট' না হয়ে 'ঠ' হয় :

গোষ্ঠী, কনিষ্ঠ, ঘনিষ্ঠ, হঠাৎ, লঘিষ্ঠ।

ব্যতিক্রম—মুষ্টি, বৈশিষ্ট্য।

১৫। 'ন' না হয়ে 'ণ' হবে :

সায়ণ, কারণ, রামায়ণ, স্মরণ, পুণ্য, পাণিনি।

১৬। খণ্ড ৎ হয় :

সত্যজিৎ, অভিজিৎ, ইন্দ্রজিৎ, ধূলিসাৎ, হঠাৎ, কিঞ্চিৎ, অকস্মাৎ।

ব্যতিক্রম—পাতলা, রঞ্জিত, তফাত, সাঁতরা।

১৭। য-ফলা যুক্ত হয় :

বৈচিত্র্য, স্বাতন্ত্র্য, বৈশিষ্ট্য, স্বাস্থ্য, জৈষ্ঠ্য, দারিদ্র্য।

১৮। ব-ফলা :

উজ্জ্বল, ঊর্দ্ধ, সরস্বতী, শাশ্বত, দ্বন্দ্ব, দ্বিধা।

১৯। ষ্ট না হয়ে স্ট হয় :

স্ট্রিট, স্টিমার, স্টোর, স্টেশন।

২০। সন্ধির ভুল :

হৃৎপিণ্ড, আপৎকালীন, হৃৎকম্প।

২১। সামঞ্জস্যতা প্রয়োগ :

বৈশিষ্ট্য, উৎকর্ষ, দারিদ্র্য, সামঞ্জস্য।

২২। শব্দ প্রয়োগ ভুল, গুরুচণ্ডালি দোষ :

শবপোড়া, মড়াদাহ না হয়ে হবে শবদাহ, মড়াপোড়া।

'নিশিথ' রাত্রিতে না হয়ে হবে 'নিশীথে' গৃহস্থেরা সুষুপ্ত ছিল।

**শব্দের বানানে ও বাক্যের নানাধরনের ভুল ও শুদ্ধ বানানের আরও অনেক উদাহরণ নীচে দেওয়া হল**

**১। অ-কার ও আ-কার ঘটিত শুদ্ধাশুদ্ধি :**

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| আমাবস্যা | অমাবস্যা |
| অনুমানিক | আনুমানিক |
| সাম্রাজ্ঞী | সম্রাজ্ঞী |
| খৈয়ম | খৈয়াম |
| জাতশৌচ | জাতাশৌচ |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| মাধুরিমা | মধুরিমা |
| দুরাবস্থা | দুরবস্থা |
| অজাগর | অজগর |
| ঘূর্ণয়মান | ঘূর্ণায়মান |
| জাহান্নম | জাহান্নাম |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| অনাটন | অনটন |
| আরাম্ভ | আরম্ভ |
| নয়নজুলি | নয়ানজুলি |
| চিঠিচাপাটি | চিঠি চাপাটি |

Scanned with CamScanner

২। অ-কার ও ও-কার ঘটিত শুদ্ধাশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| ভৌগলিক | ভৌগোলিক |
| কথপোকথন | কথোপকথন |
| ওতোপ্রোত | ওতপ্রোত |
| নীরোদ | নীরদ |
| আরহণ | আরোহণ |
| তরওয়াল | তলোয়ার |
| কুমড়ো | কুমড়া |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| পৌরহিত্য | পৌরোহিত্য |
| পরপোকার | পরোপকার |
| অপগণ্ড | অপোগণ্ড |
| ততো | তত |
| ক্রশ | ক্রোশ |
| নারকোল | নারকেল |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| আলচ্য | আলোচ্য |
| উপোযোগী | উপযোগী |
| গোলকনাথ | গোলোকনাথ |
| ঝড়ো | ঝোড়ো |
| খাশখোবর | খাশখবর |
| পুরনো | পুরোনো |

৩। ই-কার ও ঈ-কার ঘটিত শুদ্ধাশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| পিপিলিকা | পিপীলিকা |
| সারথী | সারথি |
| অঞ্জলী | অঞ্জলি |
| দাশরথী | দাশরথি |
| নিরব | নীরব |
| বাল্মিকী | বাল্মীকি |
| কৃষিজীবি | কৃষিজীবী |
| ইদানিং | ইদানীং |
| ক্ষিরোদ | ক্ষীরোদ |
| একাদশি | একাদশী |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| বীভীষিকা | বিভীষিকা |
| সুধিগণ | সুধীগণ |
| স্নেহাশীষ | স্নেহাশিষ |
| ভাগিরথি | ভাগীরথী |
| নীরিহ | নিরীহ |
| সমিচিন | সমীচীন |
| শারিরিক | শারীরিক |
| তাঁতী | তাঁতি |
| একালী | একালি |
| মিমাংসা | মীমাংসা |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| দধিচি | দধীচি |
| কালীদাস | কালিদাস |
| আশির্বাদ | আশীর্বাদ |
| অপিনিহীতি | অপিনিহিতি |
| মেধাবি | মেধাবী |
| কালিপদ | কালীপদ |
| মুরারী | মুরারি |
| কলশী | কলশি |
| অভীশ্রুতি | অভিশ্রুতি |
| অনিকিনী | অনীকিনী |

৪। উ-কার ও ঊ-কার ঘটিত শুদ্ধাশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| শুল | শূল |
| উধর্ব | ঊর্ধ্ব |
| দুর্বা | দূর্বা |
| শিসির | শিশির |
| অদ্ভূত | অদ্ভুত |
| গুঢ় | গূঢ় |
| তুণ | তৃণ |
| চুষ্য | চূষ্য |
| ভুমা | ভূমা |

| শুদ্ধ | অশুদ্ধ |
|---|---|
| পূণ্য | পুণ্য |
| দূর্গ | দুর্গ |
| কৌতুহল | কৌতূহল |
| বিদূষী | বিদুষী |
| মধুসুদন | মধুসূদন |
| স্ফুরণ | স্ফুরণ |
| চূন | চুন |
| বিভুতি | বিভূতি |
| ভূঁই | ভুঁই |

| শুদ্ধ | অশুদ্ধ |
|---|---|
| ভূল | ভুল |
| মুহুর্ত | মুহূর্ত |
| মুমুর্ষু | মুমূর্ষু |
| নুপুর | নূপুর |
| বধু | বধূ |
| শুশ্রুষা | শুশ্রূষা |
| দূরিত | দুরিত |
| বিভুঁই | বিভূঁই |
| ধুসর | ধূসর |

Scanned with CamScanner

৫। ট-কার ও ঠ-কার ঘটিত শুদ্ধাশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| ঘনিষ্ট | ঘনিষ্ঠ |
| যুধিষ্টির | যুধিষ্ঠির |
| করোঠি | করোটি |
| পৃষ্ট | পৃষ্ঠ |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| অনিষ্ঠ | অনিষ্ট |
| হটাৎ | হঠাৎ |
| মুষ্ঠি | মুষ্টি |
| দৃষ্ঠি | দৃষ্টি |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| যথেষ্ঠ | যথেষ্ট |
| তিষ্ট | তিষ্ঠ |
| কুটরী | কুঠরি |

৬। ণ ও ন-কার ঘটিত শুদ্ধাশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| চিণ্ময় | চিন্ময় |
| মূর্ধণ্য | মূর্ধন্য |
| শূণ্য | শূন্য |
| পূর্বাহ্ন | পূর্বাহ্ণ |
| ভনিতা | ভণিতা |
| হিরন্ময় | হিরণ্ময় |
| চার্ণক | চার্নক |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| রামায়ন | রামায়ণ |
| আগুণ | আগুন |
| প্রাঙ্গন | প্রাঙ্গণ |
| দূর্ণাম | দুর্নাম |
| মৃণ্ময় | মৃন্ময় |
| কনিকা | কণিকা |
| তরঙ্গিণী | তরঙ্গিনী |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| ফাল্গুণ | ফাল্গুন |
| রসায়ণ | রসায়ন |
| পূন্য | পুণ্য |
| পূর্ণীমা | পূর্ণিমা |
| ভ্রাম্যমান | ভ্রাম্যমাণ |
| চিক্কণ | চিক্কন |
| তুরানি | তুরাণি |

৭। ত-কার ও থ-কার ঘটিত শুদ্ধাশুদ্ধি :

গৃহস্ত—গৃহস্থ (গৃহ—স্থা + ক= স্থ), মুখস্ত—মুখস্থ (মুখ—স্থা + ক= স্থ), রোগগ্রস্থ—রোগগ্রস্ত (গ্রস্ + ক= গ্রস্ত)

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| অস্তি | অস্থি |
| থুতু | থুথু |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| তিস্থা | তিস্তা |
| অস্থিত্ব | অস্তিত্ব |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| বরখাস্থ | বরখাস্ত |
| থুতকার | থুৎকার |

৮। র-কার, ড়-কার ও ঢ়-কার ঘটিত শুদ্ধাশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| বাড়াবাড়ী | বাড়াবাড়ি |
| শিঙ্গার | শিঙ্গাড়া |
| চুপিসাড়ে | চুপিসারে |
| ফক্কর | ফক্কড় |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| আষাড় | আষাঢ় |
| গরুড় | গড়ুর |
| খুড়খুড়ে | থুরথুরে |
| দুড়মুশ | দুরমুশ |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| তারাতারি | তাড়াতাড়ি |
| চেঙাড়ি | চেঙারি |
| তুড়কি | তুরকি |
| আরুড় | আরূঢ় |

৯। য-ফলা, ব-ফলা, ম-ফলা ঘটিত শুদ্ধাশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| যদ্যাপি | যদ্যপি |
| অদ্যপি | অদ্যাপি (অদ্য + অপি) |
| অধ্যাবসায় | অধ্যবসায় |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| সন্মুখ | সম্মুখ (সম্ + মুখ) |
| সন্মান | সম্মান |
| লক্ষী | লক্ষ্মী |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| অত্যান্ত | অত্যন্ত |
| বৈশিষ্ট | বৈশিষ্ট্য |
| সন্নাসী | সন্ন্যাসী |
| বৈচিত্র | বৈচিত্র্য |
| বন্দোপাধ্যায় | বন্দ্যোপাধ্যায় |
| মহত্ব | মহত্ত্ব (মহৎ + ত্ব) |
| উজ্জল | উজ্জ্বল |
| সান্তনা | সান্ত্বনা |
| আমাবস্যা | অমাবস্যা |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| সূক্ষ | সূক্ষ্ম |
| ব্যার্থ | ব্যর্থ |
| ত্যজ্য | ত্যাজ্য |
| বুৎপত্তি | ব্যুৎপত্তি (বি + উৎপত্তি) |
| সত্ত্বা | সত্তা (সৎ + তা) |
| সন্মেলন | সম্মেলন (সম্ + মেলন) |
| যক্ষা | যক্ষ্মা |
| বিদ্যান | বিদ্বান |

১০। শ-কার, ষ-কার ও স-কার ঘটিত শুদ্ধাশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| প্রচেস্টা | প্রচেষ্টা |
| তিরষ্কার | তিরস্কার |
| শষ্য | শস্য |
| সুসুপ্তি | সুষুপ্তি |
| মাতৃস্বসা | মাতৃষ্বসা |
| প্রটেষ্টান্ট | প্রটেস্টান্ট |
| শিষ্য | শিষ্য |
| তামাসা | তামাশা |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| পরিস্কার | পরিষ্কার |
| কল্যানীয়েসু | কল্যাণীয়েষু |
| গোস্পদ | গোষ্পদ |
| আবিস্কার | আবিষ্কার |
| পিতৃস্বসা | পিতৃষ্বসা |
| তফসিল | তফশিল |
| সাবাস | সাবাশ |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| পুরষ্কার | পুরস্কার |
| ভ্রাতুস্পুত্র | ভ্রাতুষ্পুত্র |
| আনুসঙ্গিক | আনুষঙ্গিক |
| ভষ্ম | ভস্ম |
| দুর্বিসহ | দুর্বিষহ |
| সাদা | শাদা |
| সামিয়ানা | শামিয়ানা |

১১। কৃৎ-তদ্ধিত প্রত্যয় ঘটিত শুদ্ধাশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| দোষণীয় | দূষণীয় |
| উৎকর্ষতা | উৎকর্ষ |
| সখ্যতা | সখ্য |
| রুচিবান্ | রুচিমান্ |
| মন্থিত | মথিত |
| পৈত্রিক | পৈতৃক |
| বাহ্যিক | বাহ্য |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| সমৃদ্ধশালী | সমৃদ্ধ, সমৃদ্ধিশালী |
| অনুদিত | অনূদিত |
| ঐক্যমত | ঐকমত |
| লক্ষ্যণীয় | লক্ষ্য, লক্ষণীয় |
| আয়ত্তাধীন | আয়ত্ত |
| প্রসারতা | প্রসার |
| ঐক্যতান | ঐকতান |

১২। স্ত্রী-প্রত্যয় ঘটিত শুদ্ধাশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| নিরপরাধী | নিরপরাধ |
| সুবদনী | সুবদনা |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| গায়কী | গায়িকা |
| অর্ধাঙ্গিনী | অর্ধাঙ্গী |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| অপ্সরী | অপ্সরা |
| অনাথিনী | অনাথা |

Scanned with CamScanner

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| রজকিনী | রজকী |
| নিরপরাধিনী | নিরপরাধা |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| সুকেশিনী | সুকেশা, সুকেশী |
| ত্রিনয়নী | ত্রিনয়না |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| [illegible] | [illegible] |
| নিরভিমানিনী | নিরভিমানা |

১৩। উচ্চারণের বিকার ঘটিত শুদ্ধাশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| কাগ | কাক |
| ঋষিকেষ | হৃষীকেশ |
| কুৎসিৎ | কুৎসিত |
| অরুন্ধুতী | অরুন্ধতী |
| হাঁসি | হাসি |
| ছমছমে | ছমছম্ |
| বেদাংগ | বেদাঙ্গ |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| শাগ | শাক |
| সাহার্য্য | সাহায্য |
| আকাংখা | আকাঙ্ক্ষা |
| কাঁচ | কাচ |
| গড্ডালিকা | গড্ডলিকা |
| চিৎপাৎ | চিৎপাত |
| লেপাফা | লেফাফা |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| কিম্বা | কিংবা |
| উচিৎ | উচিত |
| মেঘনাধ | মেঘনাদ |
| মাগ | মাগ |
| পরওয়ানা | পরোয়ানা |
| বীজাণু | জীবাণু |

১৪। সন্ধি ঘটিত শুদ্ধাশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| দিবলোক | দ্যুলোক |
| পরিক্ষা | পরীক্ষা |
| দুরাদৃষ্ট | দুরদৃষ্ট |
| বয়জ্যেষ্ঠ | বয়োজেষ্ঠ |
| লজ্জাস্কর | লজ্জাকর |
| উপরিউপরি | উপর্যুপরি |
| শিরঃচ্ছেদ | শিরশ্ছেদ |
| দিগেন্দ্র | দিগিন্দ্র |
| মনোকষ্ট | মনঃকষ্ট |
| চলৎশক্তি | চলনশক্তি |
| পরহিতাকাংক্ষী | পরহিতাকাঙ্ক্ষী |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| যশোলাভ | যশঃলাভ |
| অনুমত্যানুসারে | অনুমত্যনুসারে |
| মনমোহন | মনোমোহন |
| বয়োকনিষ্ঠ | বয়ঃকনিষ্ঠ |
| স্বতোসিদ্ধ | স্বতঃসিদ্ধ |
| বাগেশ্বরী | বাগীশ্বরী |
| পর্যটিন | পর্যটন |
| নভোচারী | নভশ্চারী |
| এতদ্দারা | এতদ্দ্বারা |
| তড়িৎচুম্বক | তড়িচ্চুম্বক |
| মঞ্জুরিকৃত্য | মঞ্জুরীকৃত |

১৫। সমাসঘটিত শুদ্ধাশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| কমলাক্ষি | কমলাক্ষ |
| সবিনয়পূর্বক | বিনয়পূর্বক |
| অহোরাত্রি | অহোরাত্র |
| আকণ্ঠ পর্যন্ত | আকণ্ঠ |
| উদ্‌বেলিত | উদ্‌বেল |
| মহিমাময় | মহিমময় |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| মামাবাড়ি | মামারবাড়ি |
| মুদিদোকান | মুদির-দোকান |
| শ্রীমদ্ভাগবদ্‌গীতা | শ্রীমদ্ভগবদ্‌গীতা |
| শশীভূষণ | শশিভূষণ |
| সলজ্জিত | সলজ্জ, লজ্জিত |
| নির্দোষী | নির্দোষ |

Scanned with CamScanner

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| মুগডাল | মুগের-ডাল (অলুক) |
| আবাল্য পর্যন্ত | আবাল্য |
| ছাগী-দুগ্ধ | ছাগদুগ্ধ |
| দেবীদাস | দেবিদাস |
| শশীমুখী | শশিমুখী |

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| ষষ্ঠদশ | ষোড়শ |
| সুবুদ্ধিমান | সুবুদ্ধি, বুদ্ধিমান |
| হংসের ডিম্ব | হংসীর ডিম্ব |
| পক্ষীশাবক | পক্ষিশাবক |

## [ii] বাক্যগত অশুদ্ধি

১। বিশেষণ ও বিশেষ্যের অপপ্রয়োগ ঘটিত শুদ্ধাশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| একথা শুনে সে খুবই **হৃষ্ট** হল | একথা শুনে সে **প্রহৃষ্ট** হল। |
| একথা শুনে আমি **সন্তোষ** হলাম | **সন্তুষ্ট** হলাম। |
| সে অত্যন্ত **আশ্চর্য** হল | **আশ্চার্যান্বিত** হলো। |
| সে **আরোগ্য** হয়েছে | **আরোগ্য লাভ করেছে, আরোগ হয়েছে।** |
| এই কথায় তিনি **মৌন** হলেন | **মৌনী** হলেন। |
| রাম এই মামলায় **সাক্ষী** দেবে | **সাক্ষ্য** দেবে। |
| এই কথা বলিয়া **দেবর্ষি** অন্তর্ধান হইলেন | **অন্তর্ধান** করিলেন বা **অন্তর্হিত** হলেন। |
| সে কথা **প্রমাণ** হয়েছে | প্রমাণিত হয়েছে। |
| নাটক **অভিনয়** হবে | **অভিনীত** হবে। |
| সময় **সংক্ষেপ** কর। | সংক্ষিপ্ত কর। |

২। **দ্বিরুক্তি ঘটিত শুদ্ধাশুদ্ধি :**

| অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|
| সশঙ্কচিত্তে | সঙ্কিতচিত্তে |
| সকল বালকেড়া পড়িতেছে | সকল বালক (বা বালকেরা) পড়িতেছে। |
| আপাদমস্তক পর্যন্ত জ্বলিয়া উঠিল | আপাদমস্তক জ্বলিয়া......... |
| সযত্নপূর্বক অধ্যয়ন করিবে | সযত্নে (বা যত্নপূর্বক)........ |
| আবার এখানে পুনরায় আসিব | 'আবার' অথবা 'পুনরায়' |
| কেবলমাত্র মহিলাদের জন্য | 'কেবল' বা 'মাত্র' |
| নানাবিধ পশুগণ | নানাবিধ পশু |
| অসংখ্য মানুষেরা | অসংখ্য মানষ |

৩। গদ্যে পদ্যভাষার প্রয়োগগত শুদ্ধাশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
| --- | --- |
| আমার পানে তাকাইয়া দেখো | আমার দিকে তাকাইয়া দেখো। |
| তাহার যুকতি কেহ শুনিল না | তাহার যুক্তি কেহ শুনিল না। |
| সে তোলা জলে সিনান করে | .....স্নান করে। |
| চোর আসিয়া ঘরে পশিল | ....ঘরে প্রবেশ করিল। |

৪। দূরত্ব ঘটিত শুদ্ধাশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
| --- | --- |
| সে নির্জলা গোরুর দুধ পান করে | গোরুর নির্জলা দুধ। |
| পবিত্র হিন্দু হোটেল | হিন্দুর পবিত্র হোটেল। |
| তাঁতের হাল ফ্যাশনের শাড়ি | হাল ফ্যাশনের তাঁতের শাড়ি। |
| ফুরফুরে মাঠের হাওয়া | মাঠের ফুরফুরে হাওয়া। |

৫। সাধু চলিতের মিশ্রণগত শুদ্ধাশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
| --- | --- |
| মড়াদাহ | মড়া পোড়া। |
| সে হাসিতে হাসিতে এই কথা বলল | সে হাসতে হাসতে এই কথা বলল। অথবা, সে হাসিতে হাসিতে এই কথা বলিল। |
| দেবাদিদেব মহাদেবের পরিধানে বাঘের চর্ম। | দেবাদিদেব (মহাদেবের) পরিধানে বাঘের চামড়া। |

৬। আলংকারিক ও বাগ্‌ধারাগত শুদ্ধাশুদ্ধি :

| অশুদ্ধ | শুদ্ধ |
| --- | --- |
| তাঁহার ক্রোধবহ্নি নির্বাপণ হইল | নির্বাপিত হইল। |
| তাঁহার জীবনতরু নির্বাপিত হইল | জীবনতরু উন্মূল হইল। |
| হড়হড়ে ঠান্ডা | কনকনে ঠান্ডা। |
| ধবধবে লাল | টকটকে লাল। |
| ভয়ে গা টনটন করা | ভয়ে গা ছমছম করা। |
| নিমজল খেয়ে লাগো | আদা জল খেয়ে লাগো। |
| কত ধানে কত তণ্ডুল | কত ধানে কত চাল। |

Scanned with CamScanner

# অনুশীলনী

১। **অশুদ্ধি সংশোধন করো :**

(i) বন্ধুদের কাছে আমার দুরাবস্থার কথা বললাম, কিন্তু দুরাদৃষ্টবশত কেহই সাহায্য করল না।
(ii) শশীভূষণ পৈত্রিক বিষয় পেয়েছে।
(iii) সে নিরপরাধী একথা জানবার জন্য আমি অবশ্যই সাক্ষী দিব।
(iv) তিনি ব্যাধিগ্রস্থ থেকে এখন আরোগ্য হয়েছেন।
(v) আবাল্য থেকেই নদীর সঙ্গে আমার সখ্যতা।
(vi) তার অকৃতকার্যের সংবাদে আমি সন্তোষ হতে পারিনি।
(vii) পরীক্ষায় অকৃতকার্যতা হওয়া অত্যন্ত লজ্জাকর ব্যাপার।
(viii) ব্যক্তির সঙ্গে ঘনিষ্ঠ না হলে তার বাহ্যিক রূপ দেখে চেনা শক্ত।

২। **ভুল থাকলে শুদ্ধ করো :**

| | | | | |
|---|---|---|---|---|
| পরিক্ষা | কথোপকথন | তড়িদাহত | মধুসুদন | সুধিগণ |
| বিপতপাত | পক্ষিশাবক | নিরভিমানী | নিরবিচ্ছিন্ন | কালীদাস |
| মাতৃস্বসা | শিরঃপরি | পৌরহিত্য | দুষিত | করিশিশু |
| অনাটন | বিদূষী | দেবীদাস | পুরস্কার | বিদ্বান |
| কালিকিঙ্কর | পরিষ্কার | ভৌগোলিক | যোগীগণ | আনুসঙ্গিক |
| ধনিগৃহ | মহাত্মাগণ | সুসমা | স্বামিপুত্র | ফণীভূষণ |
| পোশাক | ভ্রাতৃবৃন্দ | চন্ডিদাস | পরিস্রুত | শিরোপরি |
| ষট্‌বিঘ্ন | ফাক্কর | মুসকিল | জ্যোতিরীশ | তদোপেক্ষা |
| বিপদগ্রস্থ | বয়সচিত | জিনিস | বক্ষোপরি | গরিমামন্ডিত |
| পাণিনি | কার্পণ্য | পক্ষীশাবক | ফণিনী | আগুণ |

৩। **কোন্‌টি ঠিক বানান বেছে নাও :**

বিদ্বান/বিদ্যান। ঘনিষ্ঠ/ঘনিষ্ট। দুরাদৃষ্টি/দূরদৃষ্ট। পরীক্ষা/পরিক্ষা।
মনমোহন/মনোমোহন। ব্যার্থ/ব্যর্থ। যক্ষা/যক্ষ্মা। দুর্বিসহ/দুর্বিষহ।
বৈচিত্র/বৈচিত্র্য। উজ্জল/উজ্জ্বল। বারাবারি/বাড়াবাড়ি। অত্যান্ত/অত্যন্ত।
বুৎপত্তি/ব্যুৎপত্তি। রুচিবান/রুচিমান।

৪। **কোন্‌টি শুদ্ধ বলো :**

(i) নীর দান করে যে—নিরদ/নীরদ।
(ii) শশীভূষণ যার—শশীভূষণ/শশিভূষণ।
(iii) রোগ নাই যার—নিরোগ/নীরোগ।
(iv) কালির দাস—কালিদাস/কালীদাস।
(v) জলচরী/জলচরা।
(vi) নাগিনি/নাগিনা।
(vii) সাপ্তাহিকী/সাপ্তাহিক।
(viii) রচয়িত্রী/রচয়িতা।

৫। **ভুল থাকলে শুদ্ধ করো :**

অত্যন্ত, লজ্জা, শশীভূষণ, নিশাচরি, বৈচিত্র, বৈশিষ্ট্য, স্রোতবেগ, বাক্‌দান, জগবন্ধু, সাধ্য, যথেষ্ট।

৬। **শুদ্ধ বানানগুলির তলায় দাগ দাও :**

পৃষ্টা-পৃষ্ঠা, ব্যতিরিক্ত-ব্যাতিরিক্ত, দুরবস্থা-দূরাবস্থা, গরিষ্ট-গরিষ্ঠ, মধুসুদন-মধুসূদন, ভৌগোলিক-ভৌগলিক, পৌরহিত্য-পৌরোহিত্য, আশ্বত্থ-অশ্বত্থ।

৭। **শুদ্ধ বানানটি লেখো :**

পর্যটন, পৃথকন্ন, ইতিমধ্যে, মনোকষ্ট, ব্যার্থ, ব্যাতিরিক্ত, শৈঠ্য, অনিষ্ট, ব্যাবসায়, বৈশিষ্ট, দারিদ্র, ব্যঘাত, ব্যাবধান,

Scanned with CamScanner